

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
 ৩৭/৩/এ ইঙ্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

নং-২৬.১২.০০০০.১০৮.১১.০১৬.১৮-৫২৭

তারিখ: ৩০-০৬-২০২২

নিয়োগপত্র

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ১১-০২-২০১৯ খ্রি: তারিখের ১৪৯ নং স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ৯ম গ্রেডে নিয়োগের লক্ষ্যে গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদেরকে “বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯” অনুযায়ী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের রাজস্ব খাতভুক্ত সহকারী পরিচালক ও সহকারী পরিচালক (গবেষণা) পদে গ্রেড-৯ বেতনক্ষেত্রে (জাতীয় বেতনক্ষেত্র, ২০১৫ অনুযায়ী) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

ক্র:	পদের নাম, গ্রেড ও বেতন ক্ষেত্র	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী এবং মাতার নাম	ঠিকানা
১	সহকারী পরিচালক গ্রেড-৯ ক্ষেত্র-২২,০০০-৫৩,০৬০/-	১২০০৮৮৬	নূর উদ্দিন যোবায়ের পিতা: আঃ স ম ইব্রাহিম মজুমদার মাতা: জাহানারা বেগম	গ্রাম: বাড়ুইগাঁও ডাকঘর: নারায়নপুর-৩৬১০ উপজেলা: মতলব (দক্ষিণ) জেলা: চাঁদপুর
২	সহকারী পরিচালক (গবেষণা) গ্রেড-৯ ক্ষেত্র-২২,০০০-৫৩,০৬০/-	১৩০০২৩৫	মোঃ সাজেদুর রহমান পিতা: মোঃ মতিয়ার রহমান মাতা: মোছাঃ সাজেদা বেগম	গ্রাম: পূর্বপাড়া, বলাশী রোড ডাকঘর: গাইবান্ধা-৫৭০০ উপজেলা: গাইবান্ধা সদর জেলা: গাইবান্ধা

নিয়োগের শর্তাবলি:

ক। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। প্রার্থীগণ স্বহস্তে লিখিত যোগদান পত্রের মাধ্যমে কর্মস্থলে যোগদান করবেন।

খ। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসায়ন ঘটাতে পারবে।

গ। নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের স্থায়ী ঠিকানাসহ আবেদনের সাথে প্রমাণক হিসেবে দাখিলকৃত কোন সনদ/তথ্য চাকরীর যে কোন পর্যায়ে মিথ্যা বলে প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী থেকে অব্যাহতি প্রদানসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে যোগদানের সময় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর বিধি ৩৭ অনুযায়ী যৌতুক প্রদান ও গ্রহণ না করা সম্পর্কিত অঙ্গীকার এবং বিধি ৪০ অনুযায়ী নির্ধারিত ফরমে সম্পত্তির হিসাব দাখিল করতে হবে।

ঙ। যোগদানের সময় জাতীয় পরিচয়পত্র এবং এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।




চ। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এবং সরকারের অন্যান্য বিধি বিধান প্রযোজ্য হবে।

ছ। চাকরিতে তাঁর/তাঁদের সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম এবং প্রযোজ্য বিধি বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

জ। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টি/ডি দেওয়া হবে না।

০২। উপর্যুক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২০/০৭/২০২২ তারিখে চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা বরাবর স্ব-শরীরে উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

কমিশনের আদেশক্রমে,



৩০.৮.২২

(মোঃ আব্দুস সলুম)

উপসচিব

সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা

ফোন: ৫৮৩১৫৪৮৫